



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
(প্রশাসন-১ শাখা)



মেট্রোরেল ভবন, লেভেল-০৫, এমআরটি লাইন-৬ ডিপো
সোনালগাঁও জনপথ, সেক্টর ১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.০০১.০৬.০০১.২০-০৪২

তারিখঃ ১৭ চৈত্র ১৪৩২
৩১ মার্চ ২০২৬

অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের সাধারণ অধিশাখার গত ০৫ মার্চ ২০২৬ তারিখের স্মারক নম্বর:০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৬.২৫-১২৩ ও একই বিভাগের মাঠ প্রশাসন সংস্থাপন শাখার গত ০২ মার্চ ২০২৬ তারিখের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫১৩.১৮.০০০১.২৬-৭০ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের গত ০৫ মার্চ ২০২৬ তারিখের স্মারক নম্বর:৩৫.০০.০০০০.০০০.০০৮.১৮.০০০২.১৮-৩৩৯ এর আলোকে ডিএমটিসিএল-এর প্রশাসন-০১ শাখার গত ০৮ মার্চ ২০২৬ তারিখের স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.০০০.০৩৮.৯৯.০০০৫.২৫-৩৫৭ মোতাবেক ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) ও এর আওতায় পরিচালনাধীন প্রকল্পসমূহে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় এবং কর্মকর্তা/কর্মচারীগণের নির্ধারিত সময় অনুযায়ী অফিসে উপস্থিত ও প্রস্থান সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হয়।

০২। তৎপ্রেক্ষিতে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) ও এর আওতায় পরিচালনাধীন প্রকল্পসমূহে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় এবং অফিস কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে নিম্নোক্তভাবে তদারকি কমিটি গঠন করা হলো:

ক্র.নং	কর্মকর্তার নাম ও পদবী	কমিটিতে পদ
১.	জনাব নাসির উদ্দিন আহমদ চৌধুরী মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন) ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড	আহ্বায়ক
২.	জনাব এইচ. এম. ওসমান ছারওয়ার উপ-মহাব্যবস্থাপক (ই এন্ড এম) ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড	সদস্য
৩.	সাকিবুল হাসান সহকারী ব্যবস্থাপক (পি-ওয়ে) ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড	সদস্য
৪.	জনাব শ্রী রকি কুমার দাস সহকারী ব্যবস্থাপক (সিভিল এন্ড স্ট্রাকচার) ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড	সদস্য
৫.	জনাব মো: উসমান গনি (উপসচিব) উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব) ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি: কমিটি নিম্নোক্ত বিষয়সমূহ যথাযথভাবে বাস্তবায়নে তদারকি করবেন:

- অফিস চলাকালে শুধুমাত্র প্রয়োজনীয় সংখ্যক লাইট, ফ্যান, এয়ার কন্ডিশনার ও অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার নিশ্চিতকরণ;
- এয়ার কন্ডিশনার ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখার ব্যবস্থাকরণ;
- অফিস বন্ধ থাকাকালে কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধকরণ;

- অফিস কক্ষ, করিডোর, টয়লেট, সিঁড়ি, সিঁড়ির হাতল ইত্যাদি নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে ব্যবস্থা গ্রহণ;
- বিদ্যুৎ সশ্রয় ও পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণে বিভিন্ন কক্ষে আকস্মিক পরিদর্শন করা;
 - বিদ্যুৎ সশ্রয় ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বিঘ্নিত সংক্রান্ত বিষয়সমূহ যাচাইপূর্বক প্রয়োজ্য ক্ষেত্রে কর্তৃপক্ষকে অবহিত করা;

০৩। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-

(এ, কে, এম, খায়রুল আলম)
পরিচালক (প্রশাসন)

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড


ই-মেইল: directoradmin@dmtd.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.০০১.০৬.০০১.২০- ০৪২

তারিখঃ ১৭ চৈত্র ১৪৩২
৩১ মার্চ ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রকল্প পরিচালক (সকল), এমআরটি লাইনস্, ডিএমটিসিএল।
২. পরিচালক (সকল), ডিএমটিসিএল।
৩. কোম্পানি সচিব, ডিএমটিসিএল।
৪. মহাব্যবস্থাপক (সকল), ডিএমটিসিএল।
৫. অধ্যক্ষ, ডিএমটিসিএল ট্রেনিং সেন্টার, ডিএমটিসিএল, ঢাকা।
৬. জনাব, ডিএমটিসিএল।
৭. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, ডিএমটিসিএল (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সিস্টেম এনালিস্ট, ডিএমটিসিএল (ডিএমটিসিএল এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০. অফিস কপি/ মাস্টার কপি।


(এ, কে, এম, খায়রুল আলম)
পরিচালক (প্রশাসন)